দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 5 1999
পৃষ্ঠা ৪২ কলাম ৩

103

# সরকার মাদ্রাসা শিক্ষার সম্প্রসারণে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে

—জিল্লুর রহমান

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী জিল্লুর রহমান বলেছেন, মাদ্রাসা শিক্ষা সম্পর্কে কতিপয় স্বার্থান্বেষী মহলের সাম্প্রতিক প্রচারণা মিথ্যা প্রমাণিত হয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার সামগ্রিক সম্প্রসারণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচী গ্রহণ এবং দেশে এই প্রথমবারের মত মসজিদভিত্তিক দারিদ্র্যবিমোচন কার্যক্রম চালু করেছে। তিনি গতকাল ঢাকায় সোবহানবাগ মসজিদ ও মাদ্রাসা কমপ্লেক্সের সম্প্রসারিত বহুতল ভবনের নির্মাণ কাজের উদ্বোধন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

মন্ত্রী বলেন, শেখ মুজিবুর রহমান দেশে ইসলাম শিক্ষার প্রসারে, আধুনিকায়নে ও গবেষণার জন্য ইসলামী ফাউন্ডেশন প্রতিষ্ঠিত করেছিলেন। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে সরকার মাদ্রাসা শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছে এবং দেশে এই প্রথমবারের মতো মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা পদ্ধতি কম্পিউটারাইজড করা হয়েছে।

তিনি বলেন, মাদ্রাসা শিক্ষার উন্নয়নে গত বছরের জুন মাস পর্যন্ত ৫ হাজার ৯৭৮টি মাদ্রাসা এমপিওভুক্ত করা হয়েছে। তিনি আরও বলেন, গত বছর মাদ্রাসা শিক্ষার উন্নয়নে ২৬৯ কোটি টাকা ব্যয় হয়েছে এবং চলতি বছর এ খাতের উন্নয়নে ২৯৫ কোটি টাকা ব্যয় হল।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনী রাষ্ট্রদূত মাহতা জারব এবং মক্কাভিত্তিক আন্তর্জাতিক ইসলামী ত্রাণ সংস্থার আঞ্চলিক পরিচালক ডঃ শেখ রহমতউল্লাহ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন।